

# মতলব পৌরসভা কার্যালয়

মতলব দক্ষিণ, চাঁদপুর।  
ফোন নাম্বার : ০২৩৩৪৪৮৮৬৫২

E-mail: mayormatlabpaurashava@gmail.com

উন্নয়নের গনতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- মত-পৌর/চাঁদ/প্রশা/হাট-বাজার/২০২৪/ ১৫৭

তারিখঃ ১৪/০২/২০২৪খ্রি.

## ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মতলব পৌরসভা নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত হাট-বাজার/পণ্ডর হাট ২১ সেপ্টেম্বর, ২০১১ তারিখের স্থানীয় সরকার মন্ত্রণালয়ের 'ইজারা নীতিমালা'র আলোকে ১৪৩১ বাংলা (১ বৈশাখ হইতে ৩০ চৈত্র পর্যন্ত-১ বৎসর) সনের জন্য সরকার কর্তৃক অনুমোদিত হারে টোল আদায়ের লক্ষ্যে শর্ত সাপেক্ষে 'অস্থায়ী একসনা ইজারা বন্দোবস্ত' দেওয়ার জন্য সীলমোহরকৃত খামে অস্থায়ী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র নিম্নে প্রদর্শিত সময়সূচি অনুযায়ী অফিস চলাকালীন সময় নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে) ১। জেলা প্রশাসক, চাঁদপুর এর কার্যালয়, স্থানীয় সরকার শাখায়, ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ কার্যালয়, মতলব দক্ষিণ, চাঁদপুর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে কোষাধ্যক্ষের নিকট হইতে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে, বর্ণিত সময় সূচি অনুযায়ী মেয়র, মতলব পৌরসভা কার্যালয়ে রক্ষিত নির্ধারিত দরপত্র বাঞ্ছিত দরপত্র গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ২-০০ টায় উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাঞ্ছিত খোলা হবে।

দরপত্রের সহিত উদ্ধৃত দরের ইজারা মূল্য ১০০%, ইজারা মূল্যের আয়কর ১০%, ভ্যাট ১৫%, জামানত ৫%, মুক্তিবোদ্ধা তহবিল ৪%, ৭-ভূমি রাজস্ব খাতে জমা ৫% বাবদ অর্থ, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পৃথক পৃথকভাবে যে কোন তফশিলী ব্যাংক হইতে জাতীয় পরিচয় পত্রের (NID)/জাতীয়তা সনদপত্র এর ফটোকপিসহ নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

ক্রঃ নং	হাট-বাজারের বিবরণ	সরকারী হাট-বাজার মূল্য	দরপত্র মূল্য (অফেরতযোগ্য)	মন্তব্য
০১	০২	০৩	০৪	
০১.	মতলব সাধারণ বাজার	২,৭২,৫০০/-	১,২০০/-	
০২.	মতলব কাঠ বাজার	১,৪৫,০০০/-	১,০০০/-	
০৩.	মতলব মাছ বাজার	২,১৬,৫০০/-	১,২০০/-	
০৪.	মতলব ছাগল বাজার	৬৬,০০০/-	৫০০/-	
০৫.	মুপিরহাট বাজার (পণ্ডরহাটসহ)	১,১৮,০০০/-	১,০০০/-	
০৬.	বরদিয়া আড়ং বাজার	৪৮,৫০০/-	৫০০/-	

### ইজারা ক্যালেন্ডার

পর্যায় সমূহ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়
১ম পর্যায়	২৯/০২/২০২৪খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৩/০৩/২০২৪খ্রিঃ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত
২য় পর্যায়	১৩/০৩/২০২৪খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৪/০৩/২০২৪খ্রিঃ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত
৩য় পর্যায়	২৪/০৩/২০২৪খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৫/০৩/২০২৪খ্রিঃ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত

যে কোন বার কাঙ্ক্ষিত দর পাওয়া গেলে/দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত থাকবে।  
কাঙ্ক্ষিত দর পাওয়া না গেলে/প্রয়োজন বোধে দরপত্র আহ্বান অব্যাহত থাকবে।

\* প্রকাশিত বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত, দরপত্রের বিস্তারিত শর্তাবলী নিম্নস্বাক্ষরকারী কার্যালয় হইতে অফিস চলাকালীন সময়ে জানা যাইবে।

(মোঃ আওলাদ হোসেন)

মেয়র

মতলব পৌরসভা

মতলব দক্ষিণ, চাঁদপুর।